মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নেই ১২ বছর

দীর্ঘ ১২ বছর মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন নেই। বেশ কয়েকবার প্রস্তুতি নেয়া হলেও তা সম্ভব হয়নি। শেষবার ২০১৭ ও ২০২০ সালে নির্বাচনের প্রস্তুতি নেওয়া হলেও শেষ পর্যন্ত মামলা জটিলতায় সেটাও ভেস্তে গেছে। দীর্ঘদিন খেলাধুলা না থাকায় স্থবির হয়ে পড়েছে জেলা ক্রীড়াঙ্গন।

১২ বছর ধরে সরকারি কর্তাদের দিয়েই চলছে মেহেরপুর ক্রীড়া সংস্থার কার্যক্রম। ফলে ধীর ধীরে গতি হারিয়ে ফেলছে মেহেরপুর জেলার ক্রীড়াক্ষেত্র। যদিও চলছে খেলোয়াড়দের অনুশীলন। তবে, একটি সূত্রের দাবী এই ক্রীড়া ফেডারেশনে নির্বাচিত কমিটি না আসার পেছনে দায়ী সংগঠকরা।

নির্বাচনের তফশিল ঘোষণা করলেই নির্বাচনকে সামনে রেখে অ্যাডহক কমিটির লোকজন দৌড়ঝাপ শুরু করে। খেলার উন্নয়নে কোনো কার্যক্রম দেখা মেলেনা।

মেহেরপুর ক্রীড়া চক্রের শেষ নির্বাচন হয়েছিল ২০০৮ সালে। তারপর ২০১২ সালে নির্বাচন হওয়ায় কথা থাকলেও সেটা আর হয়নি। শেষ নির্বাচিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন সালাহ উদ্দীন আহমেদ আবলু। বিভিন্ন সময়ে বরাদ্দকৃত অর্থ তছনছ করার অভিযোগ উঠলে সালাহ উদ্দীন আহমেদ আবলুকে প্রশাসনের পক্ষ থেকে কালো তালিকা করে তাকে বাদ দিয়ে নির্বাচন দিতে গেলে সে মামলা করে। সেই মামলার অযুহাতে আটকে রয়েছে নির্বাচন।

একটি সূত্র জানায়, জেলা ক্রীড়া সংস্থার মোট সদস্য সংখ্যা ১০৯ জন। তৎকালিন সাধারণ সম্পাদক সালাহ উদ্দীন আহমেদ আবলুকে বাদ দিয়ে ১০৮ সদস্যের নাম ঘোষণা করে প্রশাসন। এতেই ক্ষিপ্ত হয়ে ওঠেন আবলু।

পরে তাকে বাদ রেখে প্রশাসনের পক্ষ থেকে ১৫ সদস্যের অ্যাডহক কমিটি গঠণ করে। আগের ১০৮ সদস্যের তালিকা বাদ রেখে পরে ৬৬ সদস্যের একটি ভোটার তালিকা তৈরী করে প্রশাসন। এই ১৫ সদস্যের এ্যাডহক কমিটির বিরুদ্ধে মামলা করেন আবলু।

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বলেন, জেলা ক্রীড়া সংস্থা সব সময় সচল রাখা উচিৎ। কারন, ক্রীড়াঙ্গণের মডেল রোল প্লে করে জেলা ক্রীড়া সংস্থা। জেলা ক্রীড়া সংস্থা সচল করতে সব ধরণের ব্যবস্থা করা হবে।

সালাউদ্দিনদের ডোপ টেস্ট করাতে বললেন ব্যারিস্টার সুমন

একের পর এক বিতর্কের জন্ম দেওয়া বাফুফের কর্মকর্তাদের বিরুদ্ধে এবার দুদকে আবেদন করলেন ব্যারিস্টার সুমন। বুধবার (৩ মে) সকালে দুদক কার্যালয়ে আবেদন করতে যান ব্যারিস্টার সুমন ও তার সহযোগীরা।

সে সময় গণমাধ্যমে ব্যারিস্টার সুমন বলেন, ‘১৮ কোটি মানুষ যদি বাংলাদেশে থাকে, তাহলে ১৮ কোটিই ফুটবল ফেডারেশনের এসব দুর্নীতির বিষয়ে জানে। এখন আন্তর্জাতিকভাবেও সবাই জানে যে ফুটবলেও এমন দুর্নীতি হয় বাংলাদেশে। সোহাগের ইস্যুতে যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে, তারা কাজ শুরুর আগেই দুজন পদত্যাগ করেছেন। তাহলে আপনারা বুঝেন কী তদন্ত হবে।’

ব্যারিস্টার সুমন আরও বলেন, ‘সাংবাদিকদের বাবা-মাকে নিয়ে যা বলেছেন সালাউদ্দিন, তা নিয়ে আমি কিছু বলতে চাই না। তবে এটাই বলব যে, পুলিশ যেমন মাদক শনাক্তে ডোপ টেস্টের ব্যবহার করে, তেমন ফুটবল ফেডারেশনে ডোপ টেস্টের ব্যবস্থা করে সালাউদ্দিনদের ডোপ টেস্ট করানো উচিত।’

এর আগেও নানা সময় ফুটবলের বিভিন্ন দুর্নীতি নিয়ে গণমাধ্যমের পাশাপাশি নিজের সোশ্যাল প্লাটফর্মগুলোতে বাফুফেকে রীতিমত ধুয়ে দিয়েছেন ব্যারিস্টার সুমন।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

দৈনিক মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটির আহবায়ক ও মেহেরপুরের প্রাক্তণ ফুটবল খেলোয়াড় এমদাদুল হক,সদস্য সচিব মাহাবুব চান্দু,সদস্য আমিরুল ইসলাম অল্ডাম,আজমাইন হোসেন,মনিরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন,ফুটবল মানুষের প্রাণের খেলা। গ্রাম গঞ্জের মানুষ ফুটবল খেলাকে এখনও হৃদয়ে লালন করে। কিন্তু বর্তমান সময়ে তরুণ ও যুব সমাজ আনন্দদায়ক খেলা থেকে সময় পরিবর্তনের সাথে সাথে মুখ ফিরিয়ে নিচ্ছে। বিভিন্ন নেশায় আসক্ত হয়ে ধ্বংশ হচ্ছে যব সমাজ। যুব সমাজকে আবারও ফুটবলের দিকে ফিরিয়ে আনতে এবং মাদক থেকে দুরে রাখতে মেহেরপুর জেলার একমাত্র সরকার অনুমোদিত আঞ্চলিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন বর্ণাঢ্য ও ব্যাতিক্রমধর্মী ফুটবল

টুর্ণামেন্টের আয়োজন করেছে। এ টুর্ণামেন্ট মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন ও দুইটি পৌরসভাসহ মোট ২০ দল অংশ গ্রহন করবে। খেলাটি নির্ভুল ও সকলের কাছে গ্রহনযোগ্যতা ও স্বচ্ছতার নিমিত্তে বিভিন্ন ক্যামেরার মাধ্যমে রিপ্লে সম্প্রচার করবে।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের এই আয়োজন মেহেরপুর জেলার সব প্রান্ত থেকে টুর্ণামেন্টে অংশগ্রহনকারি বিজয়ীদের জন্য থাকবে জন্য থাকবে পুরুস্কার। খেলায় প্রতিযোগীদের মধ্যে কেউ জেলার বাইরে থেকে অংশ গ্রহন করতে পারবেনা। এমনকি ভিন্ন জেলা থেকে কোন খেলোয়াড় অংশ গ্রহন করতে পারবেনা।

দৈনিক মেহেরপুর প্রতিদিন পরিবারের এমন আয়োজনকে স্বাগত জানিয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দরা জানান, সময় উপযোগী পদক্ষেপ নিয়েছে দৈনিক মেহেরপুর প্রতিদিন কৃর্তপক্ষ। বর্তমান সময়ে যুব সমাজ মোবাইল গেমে আসক্ত হয়ে পড়েছে। বর্তমানে খেলাধুলা না করায় যুব সমাজ হচ্চে বিপথগামী। এসকল যুবকদের আবারও খেলাধুলায় আগ্রহী করে তুলতে মেহেরপুর প্রতিদিন কতৃপক্ষ সময় যুগপোযোগী পদক্ষেপ নিয়েছে। আমরা সকলেই এই টুর্ণামেন্টে অংশ গ্রহন করে মেহেরপুর জেলাবাসীকে উপহার দিতে চাই একটি উত্তেজনাকর ও স্বরণীয় ফুটবল টুর্ণামেন্ট।

ইতিহাস লিখে এশিয়া কাপে নেপাল

ইতিহাস সৃষ্টি করে প্রথমবারের মতো এশিয়া কাপের মঞ্চে জায়গা করে নিলো নেপাল। এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) প্রিমিয়ার কাপের ফাইনালে সংযুক্ত আরব আমিরাতকে ৭ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েই এশিয়া কাপে জায়গা করে নিয়েছে হিমালয়ের দেশটি। এশিয়া কাপে এশিয়া দুই পরাশক্তি ভারত-পাকিস্তানের গ্রুপে খেলবে নেপাল।

গত সোমবার (১মে) ফাইনাল ম্যাচ হওয়ার কথা থাকলেও বৃষ্টির কারণে তা পিছিয়ে রিজার্ভ ডে’তে গড়ায়। আজ মঙ্গলবার (২ মে) কীর্তিপুরের ত্রিভুবন ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে আমিরাতকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানায় নেপাল।

ব্যাটিংয়ে নেমে শুরুতে ললিত রাজবংশীর ঘূর্ণির সামনে পড়ে অসহায়

হয়ে পড়ে সংযুক্ত আরব আমিরাত। ৩৩.১ ওভারে ১১৭ রানেই অলআউট হয়ে যায় আরব আমিরাত। দলের হয়ে সর্বোচ্চ ৪৬ রান করেন আসিফ খান। মাত্র ১৪ রানের বিনিময়ে একাই ৪ উইকেট রাজবংশী।

১১৮ রানের টার্গেটে ব্যাটিংয়ে নেমে আমিরাতের বোলারেদের পাত্তাই দেয়নি স্বাগতিক ব্যাটাররা। প্রথমেই ২২ রানের মাথাতে ৩ উইকেট হারিয়ে বিপদের শঙ্কা দেখা দিলেও গুলশান ঝা ও ভিম শারকির জুটিতে আর কোনো বিপদ হতে দেয়নি নেপাল। গুলশানের ৬৭ আর ভিমের ৩৬ রানে ভর করে ৩০.৩ ওভারেই জয় তুলে নেয় নেপাল।

এই জয়ে প্রিমিয়ার কাপের চ্যাম্পিয়ন হওয়ার সাথেই এশিয়ার বিশ্বকাপখ্যাত এশিয়া কাপেও পৌঁছে গেলো নেপাল। আসন্ন এশিয়া কাপের ‘এ’ গ্রুপে ভারত ও পাকিস্তানের সঙ্গে খেলবে নেপাল।

এশিয়া কাপের ‘বি’ গ্রুপে রয়েছে বাংলাদেশ, শ্রীলঙ্কা ও আফগানিস্তান। সবকিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরে মাঠে গড়ানোর কথা এশিয়া কাপের। তবে ভারত-পাকিস্তানের মধ্যকার রাজনৈতিক বৈরিতার কারণে এশিয়া কাপের আসর মাঠে গরানো নিয়েই রয়েছে শঙ্কা।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরের বারাদী ইউনিয়নে দুই শতাধিক ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের অর্থায়নে বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের ক্লাব ও যুব সমাজের মধ্যে ফুটবল ও ক্রিকেট সেট বিতরণ করা হয়েছে।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ক্লাব ও সংগঠণগুলোর সভাপতি ও সম্পাদকদের হাতে ফুটবল ও ক্রিকেট সেট তুলে দেন।
আজ সোমবার (১ মে) সকালের দিকে বারাদী ইউনিয়ন পরিষদ চত্তরে আনুষ্ঠানিকভাবে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।
এই ইউনিয়নের প্রায় দুই শতাধিক ফুটবল ও ১২ সেট ক্রিকেট প্রদান



করা হয়েছে।
এসময় বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের স্থানীয় নেতা আব্দুল মান্নান, প্রবীণ আওয়ামীলীগ নেতা কাজী সাহেবসহ ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ডের মেম্বরগণ উপস্থিত ছিলেন।

রাতে ইংল্যান্ড যাচ্ছে বাংলাদেশ দল

আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে রোববার দিবাগত রাতে ইংল্যান্ড যাচ্ছে বাংলাদেশ ক্রিকেট দল। তবে একই দিন সবাই যাচ্ছেন না। বরং দুই ভাগে যাচ্ছে পুরো স্কোয়াড।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায়, রোববার দিবাগত রাত ১টা ৪০ মিনিটে প্রথম গ্রুপ ইংল্যান্ডের উদ্দেশে রওনা দেবে। আর দ্বিতীয় বহর যাবে সোমবার সকাল ১০টা ৪০ মিনিটের ফ্লাইটে।

প্রসঙ্গত, আইসিসির ওয়ানডে চ্যাম্পিয়ানশিপের এই সিরিজটি নিজেদের মাটিতে আয়োজন করতে ব্যর্থ হয়েছে আইরিশ ক্রিকেট বোর্ড। দেশটির খারাপ আবহাওয়ার পূর্বাভাসের কারণে সিরিজটি আয়োজন করতে পারেনি আইরিশরা। এ কারণে প্রতিবেশী দেশ ইংল্যান্ডের চেমসফোর্ডে হবে ওয়ানডে সিরিজের তিনটি ম্যাচ।

আগামী ৯, ১২ ও ১৪ মে আয়ারল্যান্ডের বিপক্ষে ম্যাচ তিনটি অনুষ্ঠিত হবে। তবে তার আগে আগামী ৫ মে একটি প্রস্তুতি ম্যাচ খেলবে বাংলাদেশ দল।

আলমডাঙ্গায় আইপিএল জুয়ায় বাজি, হারাতে বসেছে বসতবাড়ি

আইপিএল খেলায় বাজি ধরে তিন ভরি সোনার বাজি হেরে বসতবাড়ি খোয়াতে বসেছেন আলমডাঙ্গার এক্সচেঞ্জপাড়ার কারিগর রতন কারিগর। আলমডাঙ্গা সোনারপটির ফেন্সি জুয়েলার্সের মালিক ছিদাম কর্মকার অলংকার বানাতে কারিগর রতন পাররকে পাঁচ ভরি সোনা দেন। তারমধ্যে দুই ভরি সোনার গহনা তৈরি করে মালিককে দিলেও বাকী তিন ভরি সোনা আইপিএল জুয়ায় উড়িয়েছেন রতন পাত্র। হেরে যাওয়া স্বর্ণের মূল্য পরিশোধ করতে না পারায় রতন পাত্রের দেড় শতক জমির বসতবাড়িটি মালিক ছিদাম কর্মকারের নামে বায়নানামা করে দিতে হচ্ছে বলে সালিশ বৈঠকসূত্রে জানা যায়।

জানা গেছে, আলমডাঙ্গার সোনাপট্টির ফেন্সি জুয়েলার্সের মালিক ছিদাম কর্মকার অলংকার তৈরী করে দিতে তার কারিগর রতন পাত্রকে পাঁচ ভরি স্বর্ণ দেন। রতন পাত্র সেই স্বর্ণ নিয়ে দুই ভরি সোনার গহনা তৈরি করে দেন। বাকী তিন ভরি সোনা নিয়ে চলমান আইপিএল খেলার জুয়ার আসরে বসে। জমজমাট জুয়া খেলায় তিমি তিন ভরি সোনা হেরে যায়। এ ঘটনার পর রতন পাত্র গা- ঢাকা দেয়।

বাজি ধরার ব্যাপারটি জানাজানি হলে জুয়েলার্সের মালিক ছিদাম কর্মকার বিপাকে পড়েন। স্বর্ণ আদায় করতে তিনি গতকাল শুক্রবার সন্ধ্যায় সোনাপট্টিতে একটি সালিশ বৈঠক ডাকেন। বৈঠকে অভিযুক্ত রতন পাত্রের বাবা আলমডাঙ্গা শহরের এক্সচেঞ্জপাড়ার কার্ত্তিক পাত্র উপস্থিত হন। দরিদ্র কার্ত্তিকপাত্র ছেলের অপকর্ম মেনে নিয়ে স্বর্ণের মূল্য প্রায় তিন লক্ষ টাকা পরিশোধ করতে দুই বছর সময় চান। ক্ষতিগ্রস্ত জুয়েলার্সের মালিক ছিদাম কর্মকার দুই বছর সময় মেনে নেন। তবে কার্ত্তিক পাত্রের এক্সচেঞ্জপাড়ার দেড় কাঠার জমির বাড়িটি ছিদাম কর্মকারের নামে স্ট্যাম্পে বায়নানামা করে দিতে বলেন। দুই বছর সময়ের মধ্যে টাকা দিতে ব্যর্থ হলে বাড়িটি ছিদাম কর্মকারের নামে রেজিস্ট্রি করে দেওয়ার শর্তও জুড়ে দেন তিনি। এ বিষয়ে চূড়ান্ত করা হবে আগামিকাল সোমবার সালিশে।

এ ব্যাপারে ফেন্সি জুয়েলার্সের মালিক ছিদাম কর্মকার এক রহস্যজনক কারণে বাজিতে স্বর্ণ হারানো ও টাকা উদ্ধারে বিলম্বিত হওয়ায় বাড়ি লিখে নেওয়ার বিষয়ে কোন তথ্য জানাতে রাজি হননি।

তবে সালিশকারী আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন বলেন, সালিশ বৈঠকে সমস্যার সমাধান হয়নি। তিনি অভিযুক্ত রতন পাত্রের বাবা কার্ত্তিক পাত্রের নিরাপত্তার স্বার্থে তার বসতবাড়ির বায়নানামা কোন ব্যক্তির নামে না করে জুয়েলারী মালিক সমিতি অথবা বণিক সমিতির নামে করার কথা বলেন। পরবর্তি বৈঠকে সিদ্ধান্ত এ বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত হবে বলে জানান তিনি।

বিশ্বকাপ পর্যন্ত চলবে তাইজুল-নাসুমের ‘মিউজিক্যাল চেয়ার’

জাতীয় দলের নির্বাচক কমিটি যেন তাইজুল ইসলাম আর নাসুম আহমেদকে নিয়ে ‘মিউজিক্যাল চেয়ার’ খেলতে শুরু করেছেন। তাইজুলকে সাধারণত টেস্ট স্পেশালিস্ট হিসেবে ধরা হলেও ইংল্যান্ড সিরিজে হঠাৎই তাকে ডাকা হয় ওয়ানডে দলে। নাসুমের পরিবর্তে কেন তাইজুল সেটি নিয়ে আলোচনাও হয়েছে বিস্তর। এক সিরিজ পরই আবার আয়ারল্যান্ড সিরিজে তাইজুলের পরিবর্তে আসে নাসুম। সেখান থেকে আয়ারল্যান্ডের বিপক্ষে ইংল্যান্ডের মাটিতে ফিরতি ওয়ানডে সিরিজের জন্যা আবারও নাসুমকে বাদ দিয়ে দলে দাক পেয়েছেন তাইজুল।

তাইজুল আর নাসুমকে নিয়ে যেন নিজেদের ইচ্ছেমতো ছেলেখেলায় মেতেছেন জাতীয় অলের নির্বাচকরা। তবে এই দুই স্পিনারকে কেন বারবার এমন রোটেশন পদ্ধতিতে খেলানো হচ্ছে সেটিই এবার জানালেন জাতীয় দলের কোচ চন্ডিকা হাথুরুসিংহে।

আয়ারল্যান্ড সিরিজ সামনে রেখে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিনদিনের প্রস্তুতি ক্যাম্পের শেষদিনে আজ (২৯ এপ্রিল) হাথুরুসিংহে বলেন, ‘আমরা আলোচনা করেছি, সে অনুসারে স্কোয়াড বড় করতে চাই। সবাইকে অনেক অভিজ্ঞতা দিতে চাই। বিশ্বকাপের আগপর্যন্ত এমনটা চলতে থাকবে।’

দুজনের বারবার দলে ঢোকা আর বেরোনোতে তাদের ওপর বিরূপ প্রভাব পড়বে কিনা জানতে চাইলে টাইগার কোচ বলেন, ‘এটা নিয়ে কোনো প্রভাব পড়বে না। কারণ তাদের সঙ্গে এগুলো নিয়ে কথা হয়েছে।

তাদেরকে বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে। আশা করি প্রভাব ফেলবে না। যদি প্রভাব পড়ে, তাহলে সেটি তাদের পারফরম্যান্সেও এফেক্ট করবে। ওই ধরনের খেলোয়াড় আমরা দলে চাই না।’

ভারতের মাটিতে আসন্ন ওয়ানডে বিশ্বকাপের বাকি আর মাত্র কয়েক মাস। এমন অবস্থায় বিশ্বমঞ্চের জন্য নিজেদের সেরা কম্বিনেশনটা খুঁজে বের করাটাই এখন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) মূল কাজ হয়ে দাঁড়িয়েছে।ৎ

সূত্র: ইত্তেফাক

বাবর আজমের ১২ হাজার রানের রেকর্ড

নিউজিল্যান্ডের বিপক্ষে সিরিজের প্রথম ওয়ানডে ম্যাচে ৫ উইকেটে জয়লাভ করেছে স্বাগতিক পাকিস্তান। এই জয়ে পাঁচ ম্যাচ ওয়ানডে সিরিজে শুভসূচনা করেছে তারা। এই ম্যাচে বেশ কয়েকটি রেকর্ড স্পর্শ করেছে পাক অধিনায়ক বাবর আজম ও তার দল।

বৃহস্পতিবার রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৮৮ রান সংগ্রহ করে নিউজিল্যান্ড। জবাবে রান তাড়া করতে নেমে ৪৮.৩ ওভারে ৫ উইকেটের সহজ জয় তুলে নেয় স্বাগতিকরা।

এদিন নিজেদের ওয়ানডে ইতিহাসের ৫০০তম জয় তুলে নিয়েছে পাকিস্তান। তাদের আগে এই মাইলফলক স্পর্শ করেছে দুই পরাশক্তি অস্ট্রেলিয়া ও ভারত। ওয়ানডেতে সর্বোচ্চ ৫৯৪ ম্যাচ জিতেছে অস্ট্রেলিয়া। ভারত জিতেছে ৫৩৯ ওয়ানডে।

পাকিস্তানের ঐতিহাসিক জয়ের ম্যাচে রেকর্ড গড়েছেন বাবর আজম। আন্তর্জাতিক ক্রিকেটে ষষ্ঠ ব্যাটার হিসেবে দ্রুততম ১২ হাজার রানের রেকর্ড গড়েছেন বাবর। পাকিস্তান অধিনায়কের ২৭৭ ইনিংসে সংগ্রহ ১২ হাজার ৪৩ রান।

আন্তর্জাতিক ক্রিকেটে দ্রুততম ১২ হাজার রান:

ভিভ রিচার্ডস (ওয়েস্ট ইন্ডিজ): ২৫৫ ইনিংস

হাশিম আমলা (দক্ষিণ আফ্রিকা): ২৬৪ ইনিংস

স্টিভ স্মিথ (অস্ট্রেলিয়া): ২৬৯ ইনিংস

জো রুট (ইংল্যান্ড): ২৭৫ ইনিংস

বিরাট কোহলি (ভারত): ২৭৬ ইনিংস

বাবর আজম (পাকিস্তান): ২৭৭ ইনিংস

জীবননগরে রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগর রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ এ খেলাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কোয়ার্টার ফাইনাল খেলার উদ্বোধন করেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম , বাংলাদেশ জাতীয় ক্রিকেট টিমের খেলোয়ার ইমরুল কায়েস,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি মোঃ মুন্সী নাসির উদ্দিন, জীবননগর পৌর যুবলীগের সভাপতি শাহ আলম মোঃ শরিফুল ইসলাম ছোট বাবুসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাবেক খেলোয়াড়বৃন্দ উপস্থিত ছিলেন।